গাংনীতে ২৫ শে মার্চ গণহত্যা দিবসে আলোচনা সভা অনুষ্ঠিত

মেহেরপুরের গাংনী উপজেলা প্রশাসনের উদ্যোগে ২৫ শে মার্চ গণ হত্যা দিবস উপলক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

বৃহস্পতিবার বেলা ১০ টার সময় উপজেলা নির্বাহী অফিসারের সম্মেলন কক্ষে এ সভা অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন উপজেলা নির্বাহী অফিসার আরএম সেলিম শাহনেওয়াজ। এসময় প্রধান আলোচক হিসেবে বক্তব্য রাখেন উপজেলা পরিষদের চেয়ারম্যান মেহেরপুর জেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক এমএ খালেক, বিশেষ আলোচক সাবেক সংসদ সদস্য বীর মুক্তিযোদ্ধা মকবুল হোসেন।

গাংনী থানার অফিসার ইন্চার্জ বজলুর রহমান সাবেক মুক্তিযোদ্ধা কমান্ডার মুনতাজ আলী, আওয়ামীলীগ নেতা মনিরুজ্জামান আতুসহ সাংবাদিকবৃন্দরা উপস্থিত ছিলেন। আলোচনায় ১৯৭১ সালের ২৫ শে মার্চ কাল রাত্রের সেই হত্যাযজ্ঞ ও নিষ্ঠরতার বিষয় তুলে ধরা হয়।

গাংনীতে মোটরসাইকেল থেকে পড়ে বৃদ্ধ নিহত

লাশ দাফনে অংশ নিতে যাওয়ার পথে ওমর আলী (৭০) নামের এক বৃদ্ধ মোটরসাইকেল থেকে পড়ে নিহত হয়েছেন। আহত হয়েছেন নিহত ওমর আলীর বড় ছেলে নজরুল ইসলাম (৫০)। তাদের বাড়ি মেহেরপুরের গাংনী উপজেলার চিৎলা গ্রামে। বৃহস্পতিবার বেলা ১১ টার সময় শানঘাট বাজারে এ দুর্ঘটনা ঘটে।
আহত নজরুল ইসলাম জানান, তারা পিতা পুত্র দু’জন মোটরসাইকেল যোগে চুয়াডাঙ্গার আসমানখালী গ্রামে একটি দাফন কাজে অংশ গ্রহন করতে যাচ্ছিলেন। শানঘাট বাজারে পৌছালে ইট বোঝাই ট্রলিকে সাইড দিতে তারা দু’জনই ছিটকে পড়ে আহত হন। স্থানীয়রা তাদের উদ্ধার করে গাংনী উপজেলা স্থাস্থ্য কমপ্লেক্সে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক ওমর

আলীকে মৃত ঘোষনা করেন। আহত নজরুল ইসলামকে প্রাথমিক চিকিৎসা দিয়ে কুষ্টিয়া মেডিকেল হাসপাতালে রেফার্ড করা হয়।
গাংনী থানার অফিসার ইনচার্জ (ওসি) বজলুর রহমান, দুর্ঘটনার বিষয়টি জেনে ঘটনা স্থলে পুলিশ পাঠানো হয়েছে। তারা নিজেরাই একটি গাড়িকে সাইড দিতে গিয়ে পড়ে যায়। এ বিষয়ে আমাদের কাছে কোনো অভিযোগ আসেনি।

মেহেরপুরে গাঁজা রাখার দায়ে এক ব্যক্তির জেল

মেহেরপুরে গাঁজা রাখার দায়ে আজিজুল (৫৩) নামের এক ব্যক্তিকে ৩ মাসের কারাদন্ড দিয়েছে ভ্রাম্যমান আদালত। সেই সাথে ২শ টাকা অর্থদন্ডও করা হয়। বুধবার দুপুরের দিকে মেহেরপুর জেলা প্রশাসনের সহকারী কমিশনার সবিতা সরকার এই ভ্রাম্যমান আদালত পরিচালনা করেন।

দন্ডিত অজিজুল ইসলাম মেহেরপুর শহরের ফৌজদারি পাড়ার আমির শেখের ছেলে।
এর আগে মেহেরপুর জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের পরিদর্শক আব্দুল মান্নানের নেতৃত্বে অভিযান চালিয়ে তাকে গাঁজাসহ আটক করা হয়।

এ সময় গাঁজা রাখার অভিযোগ প্রমাাণিত হওয়ায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন ২০১৮ এর ৯ ধারা ভঙ্গ করার অপরাধে একই আইনের ২১ ধারায় ৩ মাসের কারাদন্ড ও ২শ টাকা জরিমানা করে ভ্রাম্যমান আদালত।

মেপ্র/এমএফআর

ঝিনাইদহে সুনামগঞ্জের শাল্লায় হামলার প্রতিবাদে মানববন্ধন

সুনামগঞ্জের শাল্লা উপজেলার নোয়াগাও সহ দেশের বিভিন্ন স্থানে সনাতন ধর্মাবলম্বীদের বাড়ীঘরে হামলা, ভাংচুর, লুটপাট ও অগ্নিসংযোগের প্রতিবাদ ও দোষিদের শাস্তির দাবীতে ঝিনাইদহে মানববন্ধন কর্মসূচী পালিত হয়েছে।

আজ সকালে শহরের পোস্ট অফিস মোড়ে এ কর্মসূচীর আয়োজন করে হিন্দু বৌদ্ধ খ্রিস্ট্রান ঐক্য পরিষদ, পূজা উদযাপন পরিষদসহ বেশ কয়েকটি সংগঠন।
এতে ব্যাপার ফেস্টুন নিয়ে সংগঠনের নেতাকর্মীসহ নানা শ্রেণী পেশার মানুষ অংশ নেয়। এসময় বক্তারা, উগ্র সাম্প্রদায়িক গোষ্টির হামলার প্রতিবাদ ও দোষিদের শাস্তির দাবী জানান।

ওয়েভ ফাউন্ডেশন এর উদ্যোগে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবর্ষ পালন

জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবর্ষ উপলক্ষে আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে। গতকাল মঙ্গলবার বিকাল ৪ টার দিকে ওয়েভ ফাউন্ডেশন নিজস্ব ট্রেনিং সেন্টারে বঙ্গবন্ধুর জন্মশতবর্ষ উপলক্ষে আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে।
এ সভায় সভাপতিত্ব করেন অনির্বাণ সংগঠনের কোষাধক্ষ্য ফজলুল হক। প্রধান অতিথি হিসেবে আলোচনা করেন দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান ও দর্শনা পৌর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আলী মুনসুর বাবু, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা

কৃষি অফিসার মনিরুজ্জামান, বীর মুক্তিযুদ্ধা রুস্তম আলী ও ওয়েভ ফাউন্ডেশনের কর্মকর্তা জহির রায়হান।
অনুষ্ঠানটি পরিচালনা করেন কিতাব উদ্দিন।

কোটচাঁদপুরে নব-নিযুক্ত জেলা প্রশাসকের মতবিনিময় সভা

ঝিনাইদহের নব-নিযুক্ত জেলা প্রশাসকের সাথে কোটচাঁদপুর উপজেলা প্রশাসনের বিভিন্ন দপ্তরের সরকারি কর্মকর্তা-কর্মচারী, জনপ্রতিনিধি ও স্থানীয় গণ্যমান্য ব্যক্তিদের মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। গতকাল মঙ্গলবার বিকালে উপজেলা প্রশাসনের আয়োজনে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে এই মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।
উপজেলা নির্বাহী অফিসার আসাদুজ্জামান রিপনের সভাপতিত্বে সভায় প্রধান অতিথি ছিলেন নব-নিযুক্ত জেলা প্রশাসক মোঃ মজিবর রহমান। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা পরিষদের চেয়ারম্যান ও উপজেলা আ. লীগ সভাপতি শরিফুন্নেছা মিকি, পৌর মেয়র সহিদুজ্জামান সেলিম।
এ সময় আরও উপস্থিত ছিলেন, উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান রিয়াজ হোসেন, মহিলা ভাইস চেয়ারম্যান পিংকি খাতুন, থানার ভারপ্রাপ্ত অফিসার ইনচার্জ (ওসি তদন্ত) ইমরান আলম, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের গাইনী কনসালটেন্ট ডা. আয়েশা আক্তার, সাবেক মুক্তিযোদ্ধা কমান্ডার তাজুল ইসলাম, ইউপি চেয়ারম্যান, সাংবাদিকসহ উপজেলার বিভিন্ন দপ্তরের কর্মকর্তারা।

সনাতন ধর্মাবলম্বীদের উপর হামলার প্রতিবাদে কোটচাঁদপুরে মানববন্ধন

সুনামগঞ্জ জেলার শাল্লা উপজেলার নোয়াগাও গ্রামে সনাতন ধর্মাবলম্বীদের উপর বর্বরোচিত হামলা-ভাংচুর ও লুটপাটে জড়িতদের গ্রেফতার ও শাস্তির দাবিতে ঝিনাইদহের কোটচাঁদপুরে মানববন্ধন ও প্রতিবাদ সমাবেশ অনুষ্ঠিত হয়েছে। গতকাল মঙ্গলবার বেলা ১১ টার দিকে উপজেলা পূজা উদ্যাপন পরিষদ ও হিন্দু বৌদ্ধ খৃষ্টান ঐক্য পরিষদ এবং ছাত্র যুব পরিষদের আয়োজনে পৌর শহরের স্থানীয় পায়রা চত্বরে এই মানববন্ধন ও প্রতিবাদ সমাবেশ অনুষ্ঠিত হয়।
উপজেলা পূজা উদ্যাপন পরিষদের সভাপতি নিমাই চন্দ্র দে’র সভাপতিত্বে সমাবেশে উপস্থিত ছিলেন, উপজেলা পরিষদ চেয়ারম্যান ও উপজেলা আ. লীগের সভাপতি শরিফুন্নেছা মিকি। এ সময় উপস্থিত ছিলেন, ৪নং পৌর ওয়ার্ড কাউন্সিলর সুব্রত চক্রবর্তী, উপজেলা পূজা উদ্যাপন পরিষদের সাধারণ সম্পাদক রবিন্দ্রনাথ রায়, পৌর পূজা উদ্যাপন পরিষদের সভাপতি মহাদেব ঘোষ, সাধারণ সম্পাদক দীপক সিংহ, উপজেলা যুবলীগ নেতা মঈনুদ্দিন শেখ হেকিম প্রমুখ। এছাড়াও নানা শ্রেণী-পেশার সনাতন ধর্মাবলম্বীরা মানববন্ধন ও প্রতিবাদ সমাবেশে উপস্থিত ছিলেন।

আলমডাঙ্গার ৮নং ওয়ার্ডে ছাত্রলীগের আলোচনা সভা

আলমডাঙ্গার ৮নং ওয়ার্ড ছাত্রলীগের উদ্যোগে আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।
গতকাল মঙ্গলবার বিকেলে ৮নং ওয়ার্ড ছাত্রলীগের আয়োজনে এম সবেদ আলী মাধ্যমিক বিদ্যালয় মাঠে ছাত্রলীগের এ আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

আলোচনা সভায় ছাত্রলীগ নেতা আশিকুর রহমান আশিকের সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন উপজেলা ছাত্রলীগের সভাপতি ও উপজেলা ভাইস চেয়ারম্যান অ্যাড. সালমুন আহমেদ ডন।

আলোচনা সভায় প্রধান বক্তা ছিলেন উপজেলা ছাত্রলীগের সাধারণ সম্পাদক কাউন্সিলর আলাল আহমেদ।
সভায় বিশেষ অতিথি ছিলেন আলমডাঙ্গা সরকারি কলেজ ছাত্রলীগের সভাপতি আশরাফুল হক, পৌর ছাত্রলীগের সাধারণ সম্পাদক নাহিদ হাসান তমান, কলেজ ছাত্রলীগের যুগ্ম-সম্পাদক হাসানুজ্জামান হাসান, প্রচার সম্পাদক মুবাসসির আলম আলো, উপ-প্রচার সম্পাদক আব্দুল্লাহ আল হোসাইন বাদশা, ছাত্রলীগ নেতা ইছানুর কবীর ।

ছাত্রলীগ নেতা তারেক মনোয়ার হৃদয়ের উপস্থাপনায় উপস্থিত ছিলেন উপজেলা ছাত্রলীগ নেতা রাকিব আহমেদ রকি, আব্দুল্লাহ আল সাকিব, মেহরাব হোসেন সজিব, পৌর ছাত্রলীগ নেতা নাহিদ হাসান সৈকত, হৃদয় আহমেদ টিটন, শাহরিয়ার কবির শিহাব, নাহিদ তমাল রোমান, কলেজ ছাত্রলীগ নেতা আসিফ ইকবাল অটল, ছাত্রলীগ নেতা তারিফ হাসান, সাকিব, ইমন, জামিরুল, সাব্বির, রাসেল, মাহফুজ, চঞ্জল, যুবলীগ নেতা আরিফ, হাসান, সবুজ হোসেন প্রমুখ।

মেহেরপুরে ফায়ার সার্ভিসের অগ্নি নির্বাপক মহড়া

মেহেরপুর যুব উন্নয়নে ফায়ার সার্ভিসের অগ্নি নির্বাপক মহড়া অনুষ্টিত হয়েছে।
গতকাল মঙ্গলবার সকালে মেহেরপুর যুব উন্নয়নের মাঠে মেহেরপুর ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের উপ-সহকারী পরিচালক শারফুল আহসান ভূঁইয়া নেতৃত্বে এই মহড়ার আয়োজ করা হয়।

এ সময় তিনি বলেন, বিভিন্ন সময়ে বহুতল ভবনে যদি কোথাও কোনো অগ্নিকাণ্ডের ঘটনা ঘটে তাহলে সেটি দ্রুত কিভাবে নেভানো যায়, তার জন্য মহড়ার ব্যবস্থা করা হয়েছে। জানমালের ক্ষয়-ক্ষতির পরিমাণ কিভাবে কমানো যায় এবং এ বিষয়ে আরো সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে

মহড়া অনুষ্ঠিত হয়।
মেহেরপুর যুব উন্নয়নের ফ্রিজিং বিভাগের ছাত্র মাসুম বিল্লাহ মেহেরপুর প্রতিদিন কে জানায়, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স জাতির কল্যাণে অপরিসীম অবদান রাখছে। তারা জীবনের ঝুঁকি নিয়ে সাধারণ মানুষের জানমাল রক্ষার লড়াই চালিয়ে যাচ্ছে। এ মহড়া থেকে আমরা অনেক কিছু শিখতে পেরেছি। আমরা সচেতন হয়েছি। আমাদের সবার বাড়িতেই এখন গ্যাসে রান্না করে এবং ওই গ্যাস থেকে বিভিন্ন সময় দুর্ঘটনা ঘটে, আজ আমরা স্বচক্ষে দেখতে পেলাম এবং হাতে কলমে শিখতে পেলাম যে কি করে একটি গ্যাসের সিলিন্ডারে আগুন লাগলে সেটি নিয়ন্ত্রণে আনতে পারি।

মহড়া চলাকালিন কৃত্রিম পদ্ধতিতে অগ্নিকাণ্ড সৃষ্টি করা হয় এবং ফায়ার সার্ভিসের কর্মীরা প্রয়োজনীয় উপকরণ নিয়ে আগুন নিয়ন্ত্রণে কাজ শুরু করে। অগ্নিকাণ্ডের ফলে ভবনে আটকে পড়াদের উদ্ধার এবং তাদের হাসপাতালে পাঠাতে পৃথম পৃথক টিম কাজ করে। এছাড়া ভবন থেকে ঝাঁপ দিয়ে বাঁচার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা নেয়া হয়।

এ সময় আরও উপস্থিত ছিলেন স্টেশন অফিসার অমিয় কুমার বিশ্বাস, লিডার রুহুল আমিন, লিডার রবিউল ইসলামসহ প্রতিষ্ঠানের শিক্ষার্থী বৃন্দ।

মুজিবনগরে বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকী উপলক্ষে সাংস্কৃতি অনুষ্ঠান

মুজিবনগরে জাতীর জনক বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমানে জন্মশতবার্ষিকী ও স্বাধীনতার সূবর্ণজয়ন্তী পালন উপলক্ষে পুরস্কার বিতরণ ও সাংস্কৃতি অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।
জেলা আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক ও বাগোয়ান ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আয়ুব হোসেন আনুষ্ঠানিক ভাবে সাংস্কৃতি অনুষ্ঠানের উদ্বোধন করেন।
এ সময় ইউপি সদস্য আনারুল ইসলাম, দিলিপ মল্লিক, কাজী কোমর উদ্দীন

সেলিম, ফেরদৌস আলী মেন্তা, সংরক্ষিত মহিলা সদস্য শাহিনুর খাতুন প্রমুখ উপস্থিত ছিলেন।
এর আগে ম্যারাথন দৌড়ে বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়।
এবং ২য় ধাপে করোনা ভাইরাস প্রতিরোধে উপস্থিত জনগণের মাঝে মাস্ক বিতরণ করা হয়।